বরিশাল বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সৃজনশীল

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাহের ট্রেডার্স-এর রেওয়ামিল নিচে উপস্থাপন করা হলো:

তাহের ট্রেডার্স
রেওয়ামিল
২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ তহবিল	৪০,০০০	
ব্যাংক জমাতিরিক্ত		৮০,০০০
প্রারম্ভিক মজুদ পণ্য	৩০,০০০	
পণ্য ক্রয় এবং বিক্রয় (১৫% ভ্যাটসহ)	১,৭৫,২০০	২,১৯,০৫০
ফেরত	৪,৩০০	৬,৪৫০
উত্তোলন ও মূলধন	১৪,০০০	১,০৫,০০০
আন্তঃ পরিবহন	১০,০০০	
বহিঃ পরিবহন	১১,৫০০	
মজুরি ব্যয়	১৪,০০০	
বেতন ব্যয় (৯ মাসের)	১৩,৫০০	
১০% ঋণ (০১-০৪-২০১৫ হইতে)		১,১০,০০০
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩৫,৬০০	২৮,৫০০
১২% বিনিয়োগ	১,৯০,০০০	
বাড়ি ভাড়া (৭০% পরিশোধ)	১১,৯০০	
অনাদায়ী পাওনা সঞ্চিতি		১,০০০
	৫,৫০,০০০	৫,৫০,০০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্য ৪২,০০০ টাকা। ২. প্রাপ্য হিসাবের ২,৬০০ টাকা আদায়যোগ্য নয়; অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৬% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করতে হবে। ৩. মজুরি বকেয়া আছে ১,৮০০ টাকা। ৪. বিজ্ঞাপনের উদ্দেশ্যে ২,০০০ টাকার পণ্য বিতরণ করা হয়েছে যা হিসাবভুক্ত করা হয় নি।

ক. বিক্রয়ের উপর ভ্যাট নির্ণয় করো। ২

খ. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. তাহের ট্রেডার্সের পরোক্ষ ব্যয় নির্ণয় করো। ৪

২. ▶নিচের তথ্যগুলো রযীন এন্ড কোং-এর হিসাব বই থেকে সংগ্রহ করা হয়েছে:

রয়ীন এন্ড কোং
রেওয়ামিল
৩০ জনু, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
দালনকোঠা	১,৮০,০০০	
প্রারম্ভিক মজুদ পণ্য	৩৮,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৬৫,০০০	৫৬,৫০০
বেতন ব্যয়	২০,০০০	
মজুরি ব্যয়	২৩,০০০	
১০% বিনিয়োগ (০১-১০-২০১৪)	১,৪৪,০০০	
পণ্য ক্রয় ও বিক্রয়	২,৯৫,০০০	৪,২০,০০০
মূলধন		২,৯৫,০০০
আসবাবপত্র	৩৬,০০০	
ব্যাংক জমা	১৬,০০০	
হাতে নগদ	২২,৫০০	
অফিস সরঞ্জাম	৩০,০০০	
৯% ঋণ (০১-০৪-২০১৫)		৯৮,০০০
	৮,৬৯,৫০০	৮,৬৯,৫০০

সমন্বয়সমূহ : ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৭১,০০০ টাকা কিন্তু বাজার মূল্য ৮৬,০০০ টাকা। ২. সকল স্থায়ী সম্পদের ওপর ১০% অবচয় ধরো। ৩. মজুরি বাবাদ ৩,০০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। ৪. প্রাপ্য হিসাবের ৩,০০০ টাকা আদায়যোগ্য নয়। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% কুঋণ সঞ্চিতি ধরতে হবে। ৫. ২০,০০০ টাকার আসবাবপত্র ৩১-১২-২০১৪ তারিখে ক্রয় করা হয়েছে, যা হিসাবভুক্ত হয় নি।

ক. ঋণের সুদ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩০ জুন তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী তৈরি করো। ৪

গ. মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩.▶ মি. আব্দুল্লাহ একতরফা দাখিলা পদ্ধতিতে তার ব্যবসায়ের হিসাব সংরক্ষণ করেন। তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপ:

	১-১-২০১৫ টাকা	৩১-১২-২০১৫ টাকা
	টাকা	টাকা
মজুদ পণ্য	৪২,০০০	৫৮,০০০
প্রাপ্য হিসাব	৪৫,০০০	৬৩,০০০
অফিস সরঞ্জাম	৬৮,০০০	৬৮,০০০
প্রাপ্য নোট	২১,০০০	৩২,০০০
নগদ তহবিল	৩২,০০০	৪৭,০০০
ব্যাংক জমা	(ক্রে.) ৮,০০০	২৬,০০০
১০% বিনিয়োগ (০১-০৪-২০১৫)		৮০,০০০
প্রদেয় হিসাব	১৮,০০০	২৪,০০০
১২% ঋণ	৩০,০০০	
প্রদেয় নোট	৫,০০০	৯,০০০

মি. আব্দুল্লাহ নিজ ব্যবহারের জন্য ব্যবসায় থেকে প্রতিমাসে ২,৫০০ টাকা করে নগদ উত্তোলন করেন। বছরের মাঝামাঝি মি. আব্দুল্লাহ তার ব্যক্তিগত তহবিল থেকে ৭০,০০০ টাকা ব্যয়ে ব্যবসায়ের জন্য একটি কম্পিউটার ক্রয় করেন।

অন্যান্য তথ্য: ১. বিমা ব্যয় ২,৫০০ টাকা অগ্রিম প্রদত্ত হয়েছে। ২. মূলধনের ওপর ৮% হারে সুদ ধার্য করতে হবে। ঋণ ও বিনিয়োগের সুদ বকেয়া রয়েছে। ৩.অফিস সরঞ্জামের ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। ৪. নগদ ৭০০ টাকা অফিস থেকে চুরি হয়েছে, যা এখনো হিসাবভুক্ত হয় নি।

ক. মূলধনের সুদ নির্ণয় করো। ২

খ. সমাপনী মূলধন নির্ণয় করো। ৪

গ. নিট লাভ ১,৭৩,৩৪০ টাকা এবং প্রারম্ভিক মূলধন ১,৪৭,০০০ টাকা ধরে বৈষয়িক বিবরণী প্রস্তুত করো। ৪

৪. ▶ নিচে সুমন কোম্পানির একটি রেওয়ামিল দেয়া হলো :

সুমন কোম্পানি
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
আসবাবপত্র	৩০,০০০	
যন্ত্রপাতি	৫০,০০০	
বিক্রয়		১,৫০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	৬০,০০০	
মজুরি	২৫,০০০	
অগ্রিম বিমা	১৫,০০০	
মূলধন		৫০,০০০
বেতন	২০,০০০	
	২,০০,০০০	২,০০,০০০

সমন্বয়সমূহ : ১. বকেয়া বেতন ৩,৬০০ টাকা। ২. অগ্রিম বিমা নিঃশেষিত হয়েছে ১২,০০০ টাকা। ৩. আসবাবপত্র ও যন্ত্রপাতির ওপর ১০% হারে অবচয় ধরো।

ক. প্রয়োজনীয় সমন্বয় জাবেদা দেখাও (১ ও ২ নং-এর)। ২

খ. ৬ ঘর বিশিষ্ট কার্যপত্র তৈরি করো। (সমন্বয় ও সমন্বিত রেওয়ামিলসহ)। ৪

গ. উদ্বর্তপত্র তৈরি করো। ৪

৫. ▶৩০ জুন ২০১৫ তারিখে মোহাম্মদ আরাফাতের নগদান বই অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ছিল ২৯,৭০০ টাকা। উক্ত তারিখে পাস বই এবং নগদান বই অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ সমান ছিল না। অনুসন্ধানের পর গরমিলের নিম্নলিখিত কারণসমূহ দেখা যায় :

সমন্বয়সমূহ : ১. ২০-০৬-২০১৫ তারিখে ৩,৫০০ টাকা এবং ৪,৩০০ টাকার ২টি চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়, কিন্তু দ্বিতীয় চেকটি ০২-০৭-২০১৫ তারিখে আদায় হয়। ২. ব্যাংক কর্তৃক আদায়কৃত বিনিয়োগের সুদ ৪,৮০০ টাকা নগদানভুক্ত হয় নি। ৩. একজন দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৭,৩০০ টাকা নগাদন ভুক্ত হয় নি। ৪. পাওনাদারকে ১৪,০০০ টাকার একটি চেক ইস্যু করা হয় কিন্তু চেকটি ৩০ জুনের মধ্যে পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপন করা হয় নি। ৫. ব্যাংকে বাট্টাকৃত ৯,৭০০ টাকার একটি প্রাপ্য নোট অমর্যাদাকৃত হয়েছে কিন্তু এটি নগদানভুক্ত হয় নি। ৬. ব্যাংক সুদ মঞ্জুর করেছে ১,৬৫০ টাকা এবং চার্জ কর্তন করেছে ৭০০ টাকা, যা এখনও নগদানভুক্ত হয় নি।

ক. ব্যাংক কর্তৃক সরাসরি আদায়কৃত লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ২

খ. কত টাকার লেনদেন নগদানভুক্ত হয় নি? ৪

গ. উল্লিখিত তথ্যের ভিত্তিতে একটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করো। ৪

৬. ▶নুপুর এবং সন্স ০১-০১-২০১৫ তারিখে নগদ ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করে। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ:-

জানু.	৩	আসবাবপত্র ক্রয় ৯,০০০ টাকা।
"	৪	মাল বিক্রয় ১১,০০০ টাকা।
"	৭	ঘরভাড়া প্রদান ২,৫০০ টাকা।
"	৯	সালামের নিকট ধারে বিক্রয় করা হল ১৭,০০০ টাকা।
"	১৩	ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করা হল ১,৩০০ টাকা।
"	২৫	রহিমের নিকট থেকে ধারে ১২,৫০০ টাকার মাল ক্রয় করা হলো।
"	২৮	প্রাপ্য হিসাব থেকে নগদ প্রাপ্তি ১৫,০০০ টাকা।
"	৩০	কর্মচারিদের বেতন দেয়া হলো ৭,০০০ টাকা।

ক. মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ১৩, ২৫, ২৮ ও ৩০ তারিখের লেনদেনগুলো প্রয়োজনীয় জাবেদা দাও। ৪

গ. খ-তে উল্লিখিত লেনদেনগুলো হিসাব সমীকরণে কি প্রভাব বিস্তার করে তা সারণী ছকের মাধ্যমে দেখাও। ৪

৭.▶মি. আমিন ১ জানুয়ারি, ২০১৫ তারিখে নগদ ৭৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। জানুয়ারি মাসে তার ব্যবসায়ের লেনদেনসমূহ নিম্নরূপ—

২০১৫

জানু. ৩ পণ্য ক্রয় করা হলো ২৫,০০০ টাকা, যার ১২,০০০ টাকা নগদে এবং অবশিষ্টাংশ ধারে।

" ৪ আসবাবপত্র ক্রয় ৭,০০০ টাকা।

" ৬ ভাড়া দেয়া হলো ৯,০০০ টাকা, যার $\frac{১}{৩}$ অংশ ব্যক্তিগত ব্যবহারের জন্য।

" ৮ জামালের নিকট থেকে পণ্য ফেরত পাওয়া গেল ১,৩০০ টাকা।

" ১১ রাকিবের নিকট থেকে পণ্য ক্রয় ৯,৬০০ টাকা।

" ১৬ ৪,২০০ টাকার প্রদেয় নোট নগদে পরিশোধ করা হয়।

" ১৯ আলিমের নিকট পণ্য বিক্রয় করা হয় ৫,৩০০ টাকা।

" ২৫ নগদে কর্মচারীদের বেতন দেয়া হলো ৫,০০০ টাকা এবং চেক দ্বারা বিজ্ঞাপন বিল দেয়া হলো ৯০০ টাকা।

ক. জানুয়ারি মাসের মোট ক্রয়ের পরিমাণ দেখাও। ২

খ. নগদান বই-এ লিপিবন্ধ হবে না-এরূপ লেনদেনগুলো জাবেদাভুক্ত করো। ৪

গ. উল্লিখিত লেনদেনগুলো দ্বারা একখানা দু'ঘরা নগদান বই প্রস্তুত করো। ৪

৮.▶২০১৫ সালের ৩১ মার্চ তারিখে জাহানারা কোম্পানির খতিয়ান জেরসমূহ নিম্নরূপ—

হিসাবের শিরোনাম	টাকা
মূলধন	৪০,০০০
উত্তোলন	৫,০০০
আসবাবপত্র	৮,০০০
প্রদেয় হিসাব	১৫,০০০
প্রাপ্য হিসাব	৩০,০০০
পণ্য ক্রয়	৩৩,২০০
পণ্য বিক্রয়	৪৯,৬০০
বিক্রয় ফেরত	১,৮০০
ক্রয় ফেরত	৪,০০০
সুনাম	১০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	১২,০০০
বিনিয়োগ	২২,০০০
মজুদ পণ্য	৭,০০০
প্রাপ্ত বাট্টা	৯০০
বেতন	৬,০০০
হাতে নগদ	৩,৫০০
অনাদায়ী দেনা সঞ্চিতি	৫,০০০

ক. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. একটি রেওয়ামিল তৈরি করো। ৪

গ. চলতি সম্পদ ও চলতি দায় চিহ্নিত করো। ৪

৯. ▶আব্দুল্লাহ এন্ড কোং ২০১৪ সালের ১ জুলাই নগদ ৯,০০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ক্রয় করে। উক্ত মেশিন বসানো খরচ হয় ১,০০,০০০ টাকা। আয়ুষ্কাল ধরা হয় ১০ বছর এবং ভগ্নাবশেষ মূল্য ধরা হয় ৫০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর তারিখে হিসাব বছর শেষ হয়। স্থির কিস্তি পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

ক. বার্ষিক অবচয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৪ ও ২০১৫ সালের প্রয়োজনীয় জাবেদা দেখাও। ৪

গ. অবচয় খরচ হিসাব এবং পুঞ্জীভূত অবচয় হিসাব দেখাও (২০১৪ ও ২০১৫ সালের জন্য)। ৪

উত্তরমালা

১. ক. বিক্রয়ের ওপর ভ্যাট ২৮,০১১ টাকা। খ. বিক্রীত পণ্যের ব্যয় ১,৫৮,৮০০ টাকা। গ. মোট পরোক্ষ ব্যয় ৬০,৩৩০ টাকা।

২. ক. ঋণের সুদ ২,২০৫ টাকা। খ. নিট মুনাফা ৯৪,৮৯৫ টাকা। গ. মোট সম্পদ ৫,৬৬,৬০০ টাকা।

৩. ক. মূলধনের সুদ ১৪,৫৬০ টাকা। খ. সমাপনী মূলধন ৩,৮১,০০০ টাকা। গ. বৈষয়িক বিবরণীর যোগফল ৪,৪১,৫০০ টাকা।

৪. ক. জাবেদার যোগফল ১৫,৬০০ টাকা। খ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ২,১১,৬০০ টাকা। গ. উদ্বর্তপত্রের যোগফল ৭৫,০০০ টাকা।

৫. ক. জাবেদার যোগফল ১৩,৭৫০ টাকা। খ. ২৪,১৫০ টাকার লেনদেন নগদানভুক্ত হয় নি। গ. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমা ৪২,৭৫০ টাকা।

৬. ক. মোট বিক্রয়ের পরিমাণ ২৮,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৩৫,৮০০ টাকা। গ. হিসাব সমীকরণের যোগফল (৮,৩০০) টাকা।

৭. ক. জানুয়ারি মাসে মোট ক্রয়ের পরিমাণ ৩৪,৬০০ টাকা। খ. জাবেদার যোগফল ২৯,২০০ টাকা। গ. নগদ উদ্বৃত্ত ৩৭,৮০০ টাকা এবং ব্যাংক জমাতিরিক্ত ৯০০ টাকা।

৮. ক. মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ৪৮,৭০০ টাকা। খ. রেওয়ামিলের যোগফল ১,২৬,৫০০ টাকা, অনিশ্চিত হিসাব ৭,০০০ টাকা (ডেবিট)। গ. চলতি সম্পদ ৪০,৫০০ টাকা এবং চলতি দায় ২৭,০০০ টাকা।

৯. ক. বার্ষিক অবচয়ের পরিমাণ ৯৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১২,৮৫,০০০ টাকা। গ. পুঞ্জীভূত অবচয়ের জের (ক্রেডিট) ১,৪২,৫০০ টাকা।

হিসাববিজ্ঞান: প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৩ |

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তিস্থল কোথায়?
ক ইতালি খ ভারত গ ইংল্যান্ড ঘ যুক্তরাষ্ট্র

২. বিনিয়োগকারীরগণ অর্থ বিনিয়োগের পূর্বে কোনো প্রতিষ্ঠানের কী বিশ্লেষণ করে থাকেন?
ক সুনাম খ কর্মচারী সংখ্যা
গ আর্থিক বিবরণী ঘ বিনিয়োজিত মূলধন

৩. সনাতন পদ্ধতিতে বকেয়া বেতন কোন ধরনের হিসাব?
ক সম্পত্তিবাচক খ ব্যক্তিবাচক
গ নামিক ঘ দায়বাচক

৪. অনুপার্জিত আয় নিচের কোনটি বোঝায়?
ক আয় খ দায় গ সম্পদ ঘ মালিকানা স্বত্ব

উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।
মি. জামান নগদ ৫০,০০০ টাকা, ২০,০০০ টাকা ব্যাংক ঋণ ও ৫,০০০ টাকা আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। সংশ্লিষ্ট বছরে কারবারের মুনাফা অর্জিত হয় ৩০,০০০ টাকা। তিনি কারবার হতে ৩,০০০ টাকা নগদ উত্তোলন করেন এবং তার ছেলের স্কুলের বেতন বাবদ ১,০০০ টাকা কারবার হতে পরিশোধ করেন।

৫. ছেলের বেতন প্রদানের ফলে হিসাব সমীকরণে প্রভাবিত হবে—
i. মালিকানা স্বত্ব ii. সম্পত্তি
iii. দায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৬. ৩০,০০০ টাকা মুনাফা অর্জনের ফলে মি. জামানের কারবারে কী বৃদ্ধি পেয়েছে?
ক সম্পত্তি খ মালিকানা স্বত্ব
গ দায় ঘ উত্তোলন

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।
মি. আসাদের ২০১৫ সালের ডিসেম্বর মাসের লেনদেনগুলো ছিল নিম্নরূপ:

২০১৫
ডিসেম্বর ৬ মিজানের নিকট হতে বাহকের চেক প্রাপ্তি ১০,০০০ টাকা
" ১০ ৬ তারিখের চেকটি ব্যাংকে জমা দান।
" ১৫ ১০ তারিখে ব্যাংকে জমাকৃত চেকের প্রত্যাখ্যান।

৭. ৬ তারিখের লেনদেনটি দু'ঘরা নগদান বহির কোথায় হিসাবভুক্ত হবে?
ক ডেবিট দিকে নগদ কলামে
খ ডেবিট দিকে ব্যাংক কলামে
গ ক্রেডিট দিকে নগদ কলামে
ঘ ক্রেডিট দিকে ব্যাংক কলামে

৮. ১৫ তারিখে নগদান বইতে কোথায় হিসাবভুক্ত হবে?
ক ডেবিট দিকে নগদ কলামে
খ ডেবিট দিকে ব্যাংক কলামে
গ ক্রেডিট দিকে নগদ কলামে
ঘ ক্রেডিট দিকে ব্যাংক কলামে

৯. ব্যাংক সমন্বয় বিবরণীতে 'ইস্যুকৃত চেক' ব্যাংকে উপস্থাপিত না হয়ে থাকলে কী করতে হবে?
ক নগদান বহির ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ হবে
খ ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ হবে
গ নগদান বহির ব্যাংক উদ্বৃত্ত হতে বাদ যাবে
ঘ ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত হতে বাদ যাবে

১০. ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে—
i. ব্যাংক জমাতিরিক্ত ii. নগদ উদ্বৃত্ত
iii. ব্যাংক জমার উদ্বৃত্ত
নিচের কোনটি সঠিক?
ক i খ ii গ iii ঘ i ও ii

উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব শাহীন একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ৫,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে ভুলবশত: আসবাবপত্র হিসাব ডেবিট করেন।

১১. জনাব শাহীনের ভুলটি কোন প্রকৃতির?
ক করণিক ভুল খ নীতিগত ভুল
গ পরিপূরক ভুল ঘ বাদ পড়ার ভুল

১২. জনাব শাহীনের ভুলের জন্য রেওয়ামিলের ওপর কী প্রভাব পড়বে?
ক ডেবিট ৫,০০,০০০ টাকা বেশি হবে
খ ক্রেডিট ৫,০০,০০০ টাকা বেশি হবে
গ উভয় পার্শ্বে ৫,০০,০০০ টাকা কম হবে
ঘ রেওয়ামিলে কোনো প্রভাব পড়বে না

১৩. নিচের কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়?
ক প্রারম্ভিক নগদ তহবিল খ সমাপনী নগদ তহবিল
গ প্রারম্ভিক ব্যাংক জমা ঘ সমাপনী মজুদ পণ্য

১৪. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী সমাপনী মজুদ পণ্য মূল্যায়িত হয়?
ক পূর্ণ প্রকাশ খ সামঞ্জস্যতা
গ রক্ষণশীলতা ঘ মিলকরণ

১৫. নিচের কোনটি অলীক সম্পত্তি?
ক সুনাম খ পেটেন্ট
গ প্রাথমিক খরচাবলি ঘ গ্রন্থস্বত্ব

উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।
মি. কবির মি. আসাদের নিকট হতে ২০১৫ সালের ১ মার্চ তারিখে ৩ মাস মেয়াদি ১৫,০০০ টাকার একটি বিলে স্বীকৃতি পেলেন। মি. করিম ঐ দিনই বিলটি ১২% সুদে ব্যাংক হতে বাট্টা করে নিলেন।

১৬. উদ্দীপকে উল্লিখিত বিলের মেয়াদ পূর্তি দিবস কোনটি?
ক ১ জুন, ২০১৫ খ ২ জুন, ২০১৫
গ ৩ জুন, ২০১৫ ঘ ৪ জুন, ২০১৫

১৭. উপর্যুক্ত বিলের বাট্টার পরিমাণ কত?
ক ১,৮০০ টাকা খ ৯০০ টাকা
গ ৬০০ টাকা ঘ ৪৫০ টাকা

১৮. নিচের কোনটি হিসাবের বহিতে না লিখে পৃথক কাগজে প্রস্তুত করা হয়?
ক জাবেদা খ খতিয়াম
গ কার্যপত্র ঘ আর্থিক বিবরণী

১৯. ঋণপত্রের সুদ একটি 'মুনাফা জাতীয় ব্যয়' কারণ—
i. সুদ প্রতি বছর দিতে হয়
ii. এর ফল দীর্ঘস্থায়ী নয়
iii. ইহা কারবারের নিট আয় হ্রাস করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২০. নিচের কোন দফাটির জন্য সমাপনী দাখিলা প্রযোজ্য?
ক বেতন হিসাব খ যন্ত্রপাতি হিসাব
গ প্রাপ্য হিসাব ঘ ঋণ হিসাব

২১. অবচয় কোন ধরনের লেনদেন?
i. অ-নগদ ii. অদৃশ্যমান
iii. ধারে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২২. নিচের কোনটি স্পর্শনীয় সম্পত্তি?
(ক) প্রাথমিক খরচাবলি (খ) সুনাম
(গ) প্রাপ্য নোট (ঘ) বিলম্বিত বিজ্ঞাপন

উদ্দীপকটি পড়ো এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও।
একটি মেশিনের ক্রয়মূল্য ১,৯০,০০০ টাকা, সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা, ভগ্নাবশেষ মূল্য ২০,০০০ টাকা এবং আয়ুষ্কাল ১০ বছর। ক্রমহ্রাসমান পদ্ধতিতে ২০% হারে উহার অবচয় ধার্য করা হয়।

২৩. তৃতীয় বছর শেষে মেশিনটির পুস্তকমূল্য কত?
(ক) ৯৭,০৪০ টাকা (খ) ৯৭,২৮০ টাকা
(গ) ১,০২,৪০০ টাকা (ঘ) ১,২৮,০০০ টাকা

২৪. ক্রমহ্রাসমান জের পদ্ধতির পরিবর্তে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করা হলে উপর্যুক্ত হিসাবকালে আর্থিক বিবরণীতে কী প্রভাব পড়বে?
(ক) মুনাফার পরিমাণ বৃদ্ধি পাবে
(খ) মুনাফার পরিমাণ হ্রাস পাবে
(গ) কর দায় হ্রাস পাবে
(ঘ) সম্পত্তির মূল্য হ্রাস পাবে

২৫. নিচের কোন বিবরণীর মাধ্যমে মোট মুনাফা জানা যায়?
(ক) বিশদ আয় বিবরণী (খ) আর্থিক অবস্থার বিবরণী
(গ) নগদ প্রবাহ বিবরণী (ঘ) মালিকানা স্বত্ব বিবরণী

২৬. উত্তোলনের সুদ কী?
(ক) সম্পদ (খ) দায় (গ) আয় (ঘ) ব্যয়

২৭. ৫,০০০ টাকার পণ্য ক্রয়কে হিসাবের বহিতে ভুলবশত: ৫০০ টাকা দেখানো হয়েছে— ইহা কোন ধরনের ভুল?
(ক) বাদ পড়ার ভুল (খ) নীতিগত ভুল
(গ) পরিপূরক ভুল (ঘ) লেখাজনিত ভুল

২৮. আর্থিক অবস্থার বিবরণী সম্পত্তি, দায়ের স্থিতি প্রকাশ করে কোন সময়ের?
(ক) নির্দিষ্ট তারিখের (খ) নির্দিষ্ট মেয়াদের
(গ) নির্দিষ্ট হিসাবকালের (ঘ) নির্দিষ্ট সময়বিন্দুর

২৯. জনাব বাশার কারবারে ব্যবহারের জন্য ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন। বার্ষিক অবচয় ১,০০০ টাকা হলে অবচয়ের হার কত?
(ক) ৪% (খ) ৫% (গ) ৮% (ঘ) ১০%

৩০. একতরফা দাখিলা পদ্ধতি কোন জাতীয় প্রতিষ্ঠানে বেশি ব্যবহৃত হয়?
(ক) একমালিকানা (খ) অংশীদারি
(গ) যৌথ মূলধনী (ঘ) সমবায় সমিতি

উদ্দীপকটি পড়ো এবং ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও।
মি. নাফিসের ব্যবসায়ের তথ্যাবলি নিম্নরূপ:

	১-১-২০১৫ (টাকা)	৩১-১২-২০১৫ (টাকা)
আসবাবপত্র	১,০০,০০০	-
১০% বিনিয়োগ	২০,০০০	-
মজুদ পণ্য	১০,০০০	৮,০০০
নগদ তহবিল	২০,০০০	৪০,০০০
প্রদেয় হিসাব	৩০,০০০	২০,০০০

৩১. মি. নাফিসের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন কত?
(ক) ১,০০,০০০ টাকা (খ) ১,২০,০০০ টাকা
(গ) ১,৫০,০০০ টাকা (ঘ) ১,৮০,০০০ টাকা

৩২. মি. নাফিসের নিট মুনাফা/ক্ষতি কত?
(ক) মুনাফা ১৮,০০০ টাকা (খ) মুনাফা ২৮,০০০ টাকা
(গ) ক্ষতি ৭২,০০০ টাকা (ঘ) ক্ষতি ৯২,০০০ টাকা

৩৩. নিচের কোনটি দীর্ঘমেয়াদি দায়?
(ক) ব্যাংক জমাতিরিক্ত (খ) প্রদেয় হিসাব
(গ) প্রদেয় নোট (ঘ) বন্ধকি ঋণ

উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।
জামান ট্রেডিং-এর ২০১৫ সালের ১ জানুয়ারি প্রাপ্য হিসাবের উদ্বৃত্ত ছিল ৭০,০০০ টাকা। ২০১৫ সালে বাকিতে বিক্রয় ছিল ৮০,০০০ টাকা। রেওয়ামিলে অনাদায়ী পাওনা সঞ্চিতির জের ছিল ৩,০০০ টাকা। অন্যান্য তথ্যাবলিতে পাওয়া গেল ৫,০০০ টাকা আদায়যোগ্য নহে এবং প্রতিষ্ঠানটিতে প্রাপ্য হিসাবের ওপর ১০% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি সংরক্ষণ করা হয়ে থাকে।

৩৪. ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে নিট প্রাপ্য হিসাবের পরিমাণ কত?
(ক) ৬৭,৫০০ টাকা (খ) ১,২৭,৫০০ টাকা
(গ) ১,৩০,৫০০ টাকা (ঘ) ১,৩৩,৫০০ টাকা

৩৫. অনাদায়ী পাওনা সঞ্চিতি সংরক্ষণ হিসাববিজ্ঞানের কোন নীতির ফলশ্রুতি?
(ক) ক্রয়মূল্য ধারণা (খ) রক্ষণশীলতার মতবাদ
(গ) আদায়করণ ধারণা (ঘ) পূর্ণ প্রকাশ প্রথা

উদ্দীপকটি পড়ো এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৫ সালে সায়হাম টেক্সটাইল মিলের বিজ্ঞাপন বাবদ ব্যয় হয়েছে ১৫,০০০ টাকা। বিনামূল্যে পণ্য বিতরণের পরিমাণ ছিল ৫,০০০ টাকা। প্রতিষ্ঠান বিজ্ঞাপন ব্যয়ের $\frac{১}{৪}$ অংশ অবলোপনের সিদ্ধান্ত নেয়।

৩৬. কার্যপত্রের সমন্বিত রেওয়ামিলে বিজ্ঞাপন ব্যয় কত টাকা প্রদর্শিত হবে?
(ক) ৫,০০০ টাকা (খ) ১০,০০০ টাকা
(গ) ১৫,০০০ টাকা (ঘ) ২০,০০০ টাকা

৩৭. আর্থিক অবস্থার বিবরণীতে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
(ক) ৫,০০০ টাকা (খ) ১০,০০০ টাকা
(গ) ১৫,০০০ টাকা (ঘ) ২০,০০০ টাকা

৩৮. কামাল এন্ড সন্সের কারবারে অবচয় নির্ধারণে বিভিন্ন বছর বিভিন্ন পদ্ধতি অনুসরণ করা হয়। এতে ব্যবস্থাপনা বৈচিত্র্যের স্বাদ উপভোগ করে থাকেন। এক্ষেত্রে হিসাববিজ্ঞানের কোন নীতি লঙ্ঘিত হয়?
(ক) ক্রয়মূল্য ধারণা (খ) মিলকরণ ধারণা
(গ) চলমান ব্যবসায় ধারণা (ঘ) সামঞ্জস্যতার ধারণা

৩৯. স্থায়ী সম্পত্তির ওপর অবচয়ের পরিমাণ নির্ধারণ করা হয় হিসাববিজ্ঞানের কোন নীতির আলোকে?
(ক) চলমান ব্যবসায় ধারণা (খ) ক্রয়মূল্য ধারণা
(গ) মিলকরণ ধারণা (ঘ) সামঞ্জস্যতা ধারণা

৪০. NSF চেক ব্যাংক সমন্বয় বিবরণীতে কী করতে হয়?
(ক) নগদান বহির ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ
(খ) নগদান বহির ব্যাংক উদ্বৃত্ত হতে বিয়োগ
(গ) ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ
(ঘ) ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত হতে বিয়োগ

উত্তরমালা

১	ক	২	গ	৩	খ	৪	ঘ	৫	ক	৬	খ	৭	ক	৮	ঘ	৯	ক	১০	গ	১১	ঘ	১২	ঘ	১৩	খ	১৪	গ	১৫	গ	১৬	ক	১৭	গ	১৮	গ	১৯	ঘ	২০	ক
২১	ক	২২	গ	২৩	গ	২৪	ক	২৫	ক	২৬	গ	২৭	ঘ	২৮	ক	২৯	ঘ	৩০	ক	৩১	ঘ	৩২	ঘ	৩৩	ঘ	৩৪	গ	৩৫	খ	৩৬	ক	৩৭	গ	৩৮	ঘ	৩৯	ক	৪০	খ